নোয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি
মানব সম্পদ বিভাগ
বেগমগঞ্জ, নোয়াখালী

নম্বর ২৭.১২.৭৫০৭.৫৩১.০২.০০৮.২০.১০০৩

তারিখ: ১৪ পৌষ ১৪২৭
২৯ ডিসেম্বর ২০২০

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: **বিলিং সহকারী (কাজ নাই, মজুরী নাই) পদে নিয়োগ বিজ্ঞপ্তি**

নোয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতিতে **"কাজ নাই, মজুরী নাই"** ভিত্তিতে সম্পূর্ণ অস্থায়ীভাবে বিলিং সহকারী পদে লোকবল নিয়োগ/প্যানেল প্রস্তুতের নিমিত্তে ছকে বর্ণিত যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন আগ্রহী নোয়াখালী জেলার স্থায়ী বাসিন্দা মহিলা নাগরিকদের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত প্রতিপালন সাপেক্ষে আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম | পদেরসংখ্যা | মজুরী | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে জেলার প্রার্থীগন আবেদন করতে পারবেন। |
|---|---|---|---|---|---|
| ০১ | বিলিং সহকারী "কাজ নাই মজুরী নাই" (মহিলা প্রার্থীদের জন্য সংরক্ষিত) | ২৫টি (নিয়োগ প্রদান কালীন পদ সংখ্যা কম/বেশী হতে পারে) | দৈনিক মজুরী ৮০০.০০ (আটশত টাকা মাত্র) | ক) এসএসসি বা সমমান ও এইচএসসি বা সমমান উভয় পরীক্ষায় জিপিএ ৫.০০ এর মধ্যে ন্যূনতম ৩.০০ সহ উত্তীর্ণ হতে হবে।<br>খ) প্রার্থীর গানিতিক বিষয়ে ভাল জ্ঞানসহ কম্পিউটার এবং দাপ্তরিক যন্ত্রপাতি পরিচালনায় অভিজ্ঞতা আবশ্যক।<br>গ) প্রার্থীকে কম্পিউটারে বাংলা প্রতি মিনিটে ন্যূনতম ১০(দশ) টি শব্দ ও ইংরেজী প্রতি মিনিটে ন্যূনতম ৩০(ত্রিশ) টি শব্দ টাইপ করতে সক্ষম হতে হবে। | **নোয়াখালী জেলার আওতাধীন স্থায়ী বাসিন্দা অর্থাৎ নোয়াখালী সদর, বেগমগঞ্জ, কবিরহাট, কোম্পানীগঞ্জ, চাটখিল, সোনাইমুড়ী, সেনবাগ, হাতিয়া, সুবর্ণচর উপজেলার স্থায়ী বাসিন্দাগণ (শুধুমাত্র মহিলা প্রার্থীগন) আবেদন করতে পারবেন।** |

**শর্তাবলীঃ-**

০১। উল্লেখিত পদে নিয়োগ লাভে আগ্রহী প্রার্থীগণকে নোয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি, বেগমগঞ্জ, নোয়াখালী-এর ওয়েবসাইট www.pbs.noakhali.gov.bd হতে বিলিং সহকারী (কাজ নাই, মজুরী নাই) এর জন্য নির্ধারিত আবেদন **ফরম (ফরম নং- পমাসপ ১১০-০০২, ভার্সন-০১)** A-4 সাইজের কাগজে ডাউনলোড পূর্বক নিজ হাতে যথাযথভাবে পূরণ করে আগামী ২০/০১/২০২১ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে জেনারেল ম্যানেজার, নোয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি, বেগমগঞ্জ, নোয়াখালী-এর এর বরাবরে ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদন পত্র প্রেরণ করতে হবে । **নির্দিষ্ট ফরম ব্যতীত এবং উল্লেখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না ।**

০২। ২০/০১/২০২১ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স ১৮ হতে ৩০ বছর এর মধ্যে হতে হবে। বয়সের প্রমানক হিসেবে এসএসসি সনদ বিবেচিত হবে। তবে মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে বয়স সীমা ৩২ বছর পর্যন্ত শিথিল যোগ্য। বয়স প্রমাণে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

০৩। আবেদন পত্রের সাথে নিম্নোক্ত কাগজাদি সংযুক্ত করতে হবেঃ
(ক) সাম্প্রতিক তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি।
(খ) শিক্ষাগত যোগ্যতার সকল সনদ এর সত্যায়িত অনুলিপি।
(গ) জাতীয় পরিচয় পত্র/জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত অনুলিপি।
(ঘ) স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌরসভার চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব/ চারিত্রিক সনদপত্র।
(ঙ) কম্পিউটার চালনায় দক্ষতার সনদপত্র।
(চ) নোয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতির অনুকুলে যে কোন তফসিলি ব্যাংক হতে ১০০/= (একশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে।

০৪। **এ ধরনের অস্থায়ী ভিত্তিতে নিয়োগ ভবিষ্যতে কোন ক্রমেই স্থায়ী করা হবে না বা প্রার্থীর এ বিষয়ে কোন দাবী গ্রহণ যোগ্য হবে না। কর্তৃপক্ষের চাহিদা অনুযায়ী যতদিন প্রয়োজন তত দিন "কাজ নাই, মজুরী নাই" ভিত্তিতে নিয়োগ বলবৎ থাকবে।**

০৫। প্রতারণামূলক ভাবে স্থায়ী ঠিকানা ভুল দিলে অথবা কেউ তথ্য গোপন করে নিয়োগপ্রাপ্ত হলে এবং পরবর্তীতে তা প্রমানিত হলে তার বিরুদ্ধে কোন প্রকার তদন্ত ব্যতিরেকেই আবেদনকারীর প্রার্থীতা বাতিল করা হবে।

০৬। খামের উপর প্রার্থীর পদের নাম সুস্পষ্ট ভাবে লিখতে হবে।

০৭। প্রার্থীকে নোয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতির সদর দপ্তরসহ যে কোন জোনাল অফিস/সাব জোনাল অফিসে চাকুরী করতে সম্মত থাকতে হবে।

০৮। লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষার ভিত্তিতে প্রার্থী বাছাই করা হবে। এছাড়া নিয়োগ পরীক্ষা যে তারিখে অনুষ্ঠিত হবে তা আবেদনকারীকে ডাক যোগে প্রেরিত প্রবেশপত্র ও পূরণকৃত ফর্মে প্রদত্ত মোবাইল ফোন নাম্বারে SMS এর মাধ্যমে জানানো হবে।

০৯। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীদের অবশ্যই শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সনদ পত্রের মূল কপি প্রদর্শন করতে হবে।

১০। অসম্পূর্ণ এবং ভুল আবেদন পত্র বাতিল বলে গণ্য হবে। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১১। নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

২৯-১২-২০২০
প্রকৌ. মোঃ গোলাম মোস্তফা
জেনারেল ম্যানেজার
ফোন: 0321-52212
ফ্যাক্স: 0321-53659
ইমেইল: gm.noa.pbs@gmail.com

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়): (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের নিমিত্তে আপনার নোটিশ বোর্ডে টানানোর ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।)

১) নির্বাহী পরিচালক, নির্বাহী পরিচালক এর দপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
২) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (দক্ষিণ অঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
৩) পরিচালক (প্রশাসন), পবিস মানব সম্পদ পরিদপ্তর , বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
৪) একান্ত সচিব, সদস্য (সমিতি ব্যবস্থাপনা) এর দপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
৫) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, নোয়াখালী
৬) পুলিশ সুপার, পুলিশ সুপারের কার্যালয়, নোয়াখালী
৭) সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার.....................................পবিস-১/২/৩/৪
৮) ডিজিএম-কবিরহাট/চাটখিল/সেনবাগ/সোনাইমুড়ী/কোম্পানীগঞ্জ/সোনাপুর/সুবর্ণচর জোনাল অফিস, নপবিস।
৯) ডিজিএম (টেকনিক্যাল), ডিজিএম (কারিগরী) বিভাগ, নোয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি
১০) এজিএম (ওএন্ডএম), চন্দ্রগঞ্জ সাব জোনাল অফিস, নোয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি
১১) সকল বিভাগীয় প্রধান, নপবিস।
১২) সহকারী জুনিয়র ইঞ্জিনিয়ার (আইটি), মানব সম্পদ বিভাগ, নোয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি (নোটিশ বোর্ডে প্রচারের ব্যবস্থা নিবেন)
১৩) নোটিশ বোর্ড/ওয়েব সাইট (www.pbs.noakhali.gov.bd), নোয়াখালী পবিস।